ইত্তেফাক

তারিখ ... 19|10|74 ...
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 4 ...

027

# মেডিকেল কলেজে ভর্তির ব্যাপারে মন্ত্রিসভার কমিটি

গতকাল (বুধবার) নির্ভরযোগ্য সূত্রে জানা গিয়াছে যে, দেশের মেডিকেল কলেজগুলিতে ভর্তির নিয়মাবলী রচনার উদ্দেশ্যে প্রেসিডেন্টের নির্দেশে মন্ত্রিসভার একটি কমিটি করা হইয়াছে। বন্যা নিয়ন্ত্রণ দফতরের মন্ত্রী জনাব বি, এম, আব্বাসকে কমিটির চেয়ারম্যান করা হইয়াছে। কমিটির অন্য দুইজন সদস্য হইতেছেন ক্যাপ্টেন (অবঃ) নূরুল হক এবং স্টেট মন্ত্রী ডঃ ফসিউদ্দিন মাহতাব। কমিটি শীঘ্রই রিপোর্ট পেশ করিবেন বলিয়া আশা করা হইতেছে।